তারিখ 12 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

যুগান্তর

## মাদারগঞ্জে স্কুল অনুমোদনে ঘুষ নেয়ার অভিযোগ

মাদারগঞ্জ (জামালপুর) প্রতিনিধি

এনজিও সংস্থা সুইড বাংলাদেশের মহাপরিচালকের বিরুদ্ধে উৎকোচ গ্রহণ করে এক কিলোমিটার দুরত্বে দুটি প্রতিবন্ধী বিদ্যালয় অনুমোদনের অভিযোগ উঠেছে। জানা গেছে, চলতি বছরের মার্চ মাসে মাদারগঞ্জ-সারিয়াকান্দি সীমানা সংলগ্ন পাকেরদহ গ্রামে হাজী নুর বখত রইচ সরকার বুদ্ধি প্রতিবন্ধী অটিজম বিদ্যালয় নামে একটি প্রতিবন্ধী বিদ্যালয় উদ্বোধন করেন সুইড বাংলাদেশের মহাসচিব জওয়াহেরুল ইসলাম মামুন। এর ৬ মাস পর ৯ সেপ্টেম্বর জওয়াহেরুল ইসলাম মামুন ওই বিদ্যালয়ের ১ কিলোমিটার দূরে আবুল কালাম বুদ্ধি প্রতিবন্ধী ও অটিজম বিদ্যালয় নামে আরও একটি প্রতিবন্ধী বিদ্যালয় উদ্বোধন করেন। এলাকাবাসীর অভিযোগ, এনজিও সুইড বাংলাদেশ পরিচালিত ৪৮টি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষকদের শতভাগ বেতন বর্তমানে সমাজকল্যাণ মন্ত্রণালয় থেকে দেয়া হচ্ছে। এ অবস্থায় বিভিন্ন এলাকায় লোকজন প্রতিবন্ধী বিদ্যালয় স্থাপনে আগ্রহী হওয়ায় সুইড বাংলাদেশের মহাসচিব উৎকোচ নিয়ে বিদ্যালয়গুলো উদ্বোধন করছেন।

তারা জানান, অন্তত ৪ লাখ টাকা উৎকোচ গ্রহণ করে আবুল কালাম বুদ্ধি প্রতিবন্ধী ও অটিজম বিদ্যালয়টি শুক্রবার ছুটির দিনে উদ্বোধন করেন জওয়াহেরুল ইসলাম মামুন। এ ব্যাপারে জানতে চাইলে সুইড বাংলাদেশের মহাপরিচালক জওয়াহেরুল ইসলাম মামুন উৎকোচ নিয়ে প্রতিবন্ধী স্কুল উদ্বোধনের অভিযোগ অস্বীকার করে বলেন, তিনি সব কিছুই নিয়ম মেনেই করেছেন।